উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার অক্টোবর/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোহাম্মদ শহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ ও সময় ঃ ৩০-১০-২০২২ খ্রি, বেলা ১২:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। সম্প্রতি উপজেলা পরিষদ সাধারণ সভার সদস্যবৃন্দ বিভিন্ন দাপ্তরিক কাজ থাকায় সভায় তাদের প্রতিনিধি প্রেরণ করেন। ফলে সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণে সমস্যা হচ্ছে। যুক্তিসঙ্গত কারণ ব্যাতীত পরবর্তী সভায় সকল সদস্যকে উপস্থিত থাকার বিষয়ে আলোচনা করা হয়। | যুক্তিসঙ্গত কারণ ব্যাতীত উপজেলা পরিষদের সাধারণ সভার সকল সদস্যকে স্বয়ং উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। সভার হাজিরা রেজিস্টার পর্যালোচনায় দেখা যায় নিম্নবর্ণিত ইউনিয়ন চেয়ারম্যান/কর্মকর্তাগণ এই সভাসহ গত দুই সভায় অনুমতি ব্যতীত অনুপস্থিত ছিলেন।<br>১) সহকারী পরিচালক (সিপিপি), কোম্পানীগঞ্জ, নোয়াখালী।<br>২) সেটেলমেন্ট অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।<br>৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।<br>পর পর তিন সভায় অনুপস্থিত সদস্যদের বিষয়ে তাদের উর্ধ্বতন কর্তৃপক্ষকে গোচরীভূত করা হবে। | সংশ্লিষ্ট সকল |
| ২। উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, চরএলাহী ইউনিয়নের ৬নং ওয়ার্ডের চরউমেদ কমিউনিটি ক্লিনিক স্থাপনের জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়ের ক্রয়কৃত জমি দান করায় স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে কৃতজ্ঞতা প্রকাশ করেন। বিদ্যালয়গামী শিক্ষার্থীদের ফাইজার টিকা প্রদান কার্যক্রম চলমান আছে এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের ক্রয়কৃত জমি স্বাস্থ্য বিভাগকে দান করায় পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩। উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ঘূর্ণিঝড় সিত্রাং এর কারনে ফসলের আংশিক ক্ষতি হয়। রবি মৌসুমে প্রণোদনার বিষয়ে ইউপি চেয়ারম্যানদেরকে দ্রুত তালিকা দেয়ার অনুরোধ করেন। খামার যান্ত্রিকরণের উপকরণের সংরক্ষণের জন্য প্রয়োজনীয় স্থান বরাদ্দের করার বিষয়ে সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | রবি মৌসুমে প্রণোদনার কার্যক্রম ও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার।<br>২। সকল ইউপি চেয়ারম্যান |
| ৪। উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, NATP-2 প্রকল্পের আওতায় ৮টি ইউনিয়নে ২৪টি সিআইজি সদস্য ৯২০ জনের সুফলভোগী সদস্যদের মাঝে বিনামূল্যে কৃমিনাশক এবং ভিটামিন ওষধ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | NATP-2 প্রকল্পের আওতায় যাবতীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৫। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২২-২৩ ইজিপিপি ১ম পর্যায়ে ৭৫৭টি কজের বিপরীতে ৮টি ইউনিয়নের ১২টি প্রকল্প প্রস্তাব যায় এবং অধিদপ্তরের নির্দেশনার আলোকে ২৬.১১.২২ খ্রি: তারিখ হতে কাজ শুরু করা হবে। ২২-২৩ অর্থবছরে কাবিটা/কাবিখা/টিআর প্রকল্পের মাটির কাজ চলমান রয়েছে এবং | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| অগ্রাধিকার ভিত্তিতে ১ম কিস্তি প্রদান করা হয়েছে। ১৮-১৯ অর্থ বছরে কাবিটা/টিআর প্রকল্পের ১০% জামানত প্রদান করার জন্য ইউপি চেয়ারম্যানদেরকে সোলার কোন সমস্যা আছে কিনা সে বিষয়ে চিঠি প্রদান করা হয় এবং তাদের মৌখিক সম্মতিতে কোন অভিযোগ না থাকায় সোলার কোম্পানীকে ১০% জামানত প্রদান করা হয়। | | |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প:প: কর্মকর্তা |
| ৭। উপজেলা সমাজসেবা বিভাগ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| ৮। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ৯। মৎস্য বিভাগ ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মা-ইলিশ সংরক্ষণ অভিযান ২০২২ সফলভাবে সম্পন্ন হয়। আগামী ১ নভেম্বর হতে ৩০জুন পর্যন্ত জাটকা ধরা নিষিদ্ধ। মৎস্য আড়ত ও বরফকলেরগুলোর লাইসেন্স করার সিদ্ধান্ত হয়েছে এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | জাটকা ধরা কার্যক্রম বন্ধ রাখার বিষয়ে যাবতীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত এবং মৎস্য আড়ত ও বরফ কলগুলোর লাইসেন্সের আওতায় আনার এবং প্রকৃত মৎস্যজীবীদেরকে তালিকায় অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা<br>২। সকল ইউপি চেয়ারম্যান |
| ১০। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, ঘূর্ণিঝড় সিত্রাং এর পরবর্তী সময়ে উপজেলা প্রশাসনের মাধ্যমে ৫০০০ হাজার পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট বিতরণ করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কোম্পানীগঞ্জ |
| ১১। পল্লী উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, |
| ১২। মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বেগম রোকেয়া দিবস উপলক্ষ্যে প্রতিটি ইউনিয়ন থেকে জয়িতা নামের তালিকা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে পাঠানোর জন্য ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করেন। বাল্য বিবাহ প্রতিরোধের নিমিত্ত জাতীয় কমিটির কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী কোন পরিবারে বাল্যবিবাহ হলে সামাজিক নিরাপত্তা সুবিধা হতে বঞ্চিত হবে এবং বাল্য বিবাহ প্রতিরোধে সকলের সহযোগিতা কামানা করেন। | প্রতিটি ইউনিয়ন হতে জয়িতা নামের তালিকা পাঠানো ও বাল্যবিবাহ প্রতিরোধে সকলেকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২। সকল ইউপি চেয়ারম্যান |
| ১৩। সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, গত ২৯.১০.২২ তারিখে বসুরহাট ব্যবসায়ী সমবায় সমিতি লি: এর নির্বচন যথাযথভাবে সম্পন্ন হয়েছে। আগামী ৫.১১.২২ খ্রি: তারিখ ৫২তম জাতীয় সমবায় দিবস উদযাপন হবে উক্ত দিবসে সকলকে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানান। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪। উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ |
| ১৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, এসএসসি ২০২৩ ব্যাচের নির্বাচনী পরীক্ষা চলমান রয়েছে। সরকারী নির্দেশনা মোতাবেক ১ম বারের মতো শিক্ষক দিবস পালন করা হয়। SEDP প্রকল্পের আওতায় বিভিন্ন বিষয়ে অনুদান পাওয়ার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করা হয়েছে। ৪র্থ গণবিজ্ঞপ্তিতে শিক্ষক নিয়োগের লক্ষ্যে চাহিদা যাচাই করে জেলা শিক্ষা অফিসে প্রেরণ করা হয়েছে। এছাড়া অন্যানা বিভাগীয় কার্যকম স্বাভাবিকভাবে চলছে। | এসএসসি ২০২৩ ব্যাচের নির্বাচনী পরীক্ষা ও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৬। বন বিভাগ ঃ রেঞ্জ অফিসার সভায় উপস্থিত জানান, সুফল প্রকল্পের আওতায় চরপার্বতী ইউনিয়নের ৪৫ কি:মি: (সুফল) বাগানের কাজ সম্পন্ন করা হয়েছে এছাড়া উপকূলীয় এলাকায় বনায়ন প্রকল্পের আওতায় চরপার্বতী ইউনিয়নে ৭ কি:মি: বাগানের কাজ সম্পন্ন করা হয়েছে সেখানে স্থানীয় জনসাধারনের মধ্যে থেকে উপকারভোগীদের তালিকা প্রস্তুত করা হয়েছে যার সদয় অনুমতি প্রয়োজন। বসুরহাট হতে সরকার দীঘি পর্যন্ত সড়ক সম্প্রসারণ কাজে গাছগুলো নিলামে বিক্রয়ের জন্য সদয় অনুমতি প্রয়োজন। | বিধি মোতাবেক এ সংক্রান্ত বিষয় কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ অফিসার, কোম্পানীগঞ্জ রেঞ্জ |
| ১৭। পরিসংখ্যান বিভাগ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর ইউনিয়ন ভিত্তিক প্রাথমিক | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ |

| | | |
|---|---|---|
| প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। কোম্পানীগঞ্জ উপজেলায় গণনাকৃত জনসংখ্যা ৩,০১,৩১০ জন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | |
| ১৮। সহকারী প্রোগ্রামার : উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, শেখ রাসেল দিবস-২০২২ উপলক্ষে কোম্পানীগঞ্জ উপজেলায় ৭টি প্রতিষ্ঠান ল্যাব প্রাপ্ত হয়। এছাড়া ২জন ট্রী-ল্যান্সার জেলা পর্যায়ে ল্যাপটপ প্রাপ্ত হন। ৩টি ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানকে বাসিক আইসিটি ট্রেনিং, ডিজিটাল নিরাপত্তা বিষয়ক সেমিনারে প্রায় ১১০ জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ দেয়া হয়। | সরকারি বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | সহকারী প্রোগ্রামার |
| ১৯। উপজেলা খাদ্য অফিস : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, তাদের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সরকারি বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২০। বিএডিসি (ক্ষুদ্র সেচ) : উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) সভায় জানান যে, কৃষি কাজে ব্যবহারের জন্য ০৬টি নলকূপ স্থাপনের আবেদন সরেজমিন তদন্তক্রমে প্রতিবেদন দাখিল করা হয়েছে। আবেদনকারী ০৬জন কৃষকের অনুকূলে লাইসেন্স প্রদান করা যেতে পারে। | তদন্ত প্রতিবেদন অনুযায়ী কৃষি কাজে ব্যবহারের জন্য ০৬জন আবেদনকারী এর অনুকূলে নলকূপ স্থাপনের নিমিত্ত লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) |
| ২১। শিক্ষা প্রকৌশল বিভাগ : উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কোম্পানীগঞ্জ এর নতুন ও উর্ধ্বমুখী সম্প্রারণের কাজের মধ্যে নতুন ভবন নির্মাণের উদ্দেশ্যে মাটি পরীক্ষার কাজ চলমান আছে এবং উর্ধ্বমুখী সম্প্রাসারণের জন্য ড্রয়িং ও ডিজাইন অনুসরণপূর্বক প্রাক্কলন প্রস্তুত করে প্রধান কার্যালয়ে প্রেরণের কাজ চলমান আছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বরাদ্দকৃত প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম বিধি মোতাবেক সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| ২২। আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) : আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় জানায় যে, সিত্রাং পরবর্তী পুনর্বাসন কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২৫০০ জন গ্রাহকের নিকট হতে প্রায় ৯৭,০০,০০ লক্ষ টাকা বকেয়া আছে সে বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) |
| ২৩। ডিজিএম (পল্লী বিদ্যুৎ) : ডিজিএম (পল্লী বিদ্যুৎ) সভায় জানান যে, ঘূর্ণিঝড় সিত্রাং এর কারনে ৩৭টি খুটি ভেঙ্গে যায় ও প্রায় ৩৫০টি স্থানে বৈদ্যুতিক তার ছিড়ে যায় যার কারনে বিদ্যুৎ সরবরাহ বন্ধ ছিল। বর্তমানে পুনরায় বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম (পল্লী বিদ্যুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২৪। তথ্য কেন্দ্র : তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, প্রাথমিক স্বাস্থ্য সেবা, অনলাইন ভিত্তিক সেবা, ব্যবসা ও কৃষি বিষয়ক তথ্য সেবাসহ তথ্যকেন্দ্রের যাবতীয় কার্যাবলী স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ো যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র |
| ২৫। উপজেলা প্রকৌশলী: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,<br>(ক) সরকারি কাজের স্বার্থে উপজেলা পরিষদের নতুন সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম এর (i) প্রশাসনিক ভবনের সেমিনার রুমে এ-সি সরবরাহ (ii) প্রশাসনিক ভবনের সেমিনার রুমে আসবাবপত্র ও সাউন্ড সিস্টেম সরবরাহ (iii) প্রশাসনিক ভবনের নিরাপত্তার জন্য গ্রীল নির্মাণ (iv) প্রশাসনিক ভবন ও হল রুম এলাকায় পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ (v) প্রশাসনিক ভবনের গেট নির্মাণ (vi) প্রশাসনিক ভবন ও হল রুমে এর সামনে আরসিসি রাস্তা ও মাটি ভরাট করণ কাজ গুলো বাস্তবায়ন করা একান্ত প্রয়োজন বিধায় = ৩৯,৯৫,৮১১.০০ টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করা করা হয়।<br>(খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ কাজ যথা সময়ে সমাপ্ত হয়। কিন্তু বরাদ্দ স্বল্পতার কারনে ঠিকাদারের চুড়ান্ত বিলের সমুদয় টাকা পরিশোধ করা সম্ভব হয় নাই। অপরদিকে ঠিকাদার তাহার জমাকৃত জামানতের টাকার জন্য আবেদনের প্রেক্ষিতে আংশিক জামানতের টাকা প্রদানের জন্য প্রস্তাব করেন।<br>(গ) উপজেলা উন্নয়ন সহায়তা তহবিল/২০২১-২২ অর্থ বছরে চরপার্বতী ইউনিয়নের সুফিয়ান ফরাজি বাড়ি টু চৌধুরীহাট সড়ক সংলগ্ন কাজটি বাস্তবায়নকৃত স্থলে বীর মুক্তিযোদ্ধা নুরের রহমান/নুর রহমান সড়কে বাস্তবায়নের জন্য চরপার্বতী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয় আবেদন করেন।<br>(ঘ) উপজেলা পরিষদের নতুন সম্প্রসারিত প্রশাসনিক ভবন এর সেমিনার রুমে আসবাবপত্র সরবরাহ কাজের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা RFQ এর মাধ্যমে বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়। | (১) সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি কাজের স্বার্থে উপজেলা পরিষদের নতুন সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম এর (i) প্রশাসনিক ভবনের সেমিনার রুমে এ-সি সরবরাহ (ii) প্রশাসনিক ভবনের সেমিনার রুমে আসবাবপত্র ও সাউন্ড সিস্টেম সরবরাহ (iii) প্রশাসনিক ভবনের নিরাপত্তার জন্য গ্রীল নির্মাণ (iv) প্রশাসনিক ভবন ও হল রুম এলাকায় পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ (v) প্রশাসনিক ভবনের গেট নির্মাণ (vi) প্রশাসনিক ভবন ও হল রুমে এর সামনে আরসিসি রাস্তা ও মাটি ভরাট করণ বাস্তবায়নের লক্ষ্যে =৩৯,৯৫,৮১১.০০ (উনচল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার আটশত এগার টাকা) প্রাক্কলন অনুমোদনের জন্য সুপারিশসহ স্থানীয় সরকার বিভাগে প্রেরনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) সভায় বিস্তারিত আলোচনান্তে ঠিকাদারের চুড়ান্ত বিল পরিশোধ করা সম্ভব হচ্ছে না বিধায় আংশিক জামানতের টাকা প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) বিস্তারিত আলোচনান্তে চরপার্বতী ইউনিয়নের সুফিয়ান ফরাজি বাড়ি টু চৌধুরীহাট সড়ক সংলগ্ন সড়কের পরিবর্তে বীর মুক্তিযোদ্ধা নুরের রহমান/নুর রহমান সড়কে বাস্তবায়নের | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>খ) উপজেলা নির্বাহী অফিসার<br>গ) উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| | জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদের নতুন সম্প্রসারিত প্রশাসনিক ভবনে কার্যক্রম শুরু করার জন্য এর সেমিনার রুমে আসবাবপত্র সরবরাহ কাজের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা দ্রুততম সময়ে RFQ মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২৬। চেয়ারম্যান, ১নং সিরাজপুর ইউপি জানান যে, ঘূর্ণিঝড় সিত্রাং এ ক্ষতিগ্রস্থদের তালিকা প্রদান করা হয়েছে। সিরাজপুর পরিবার কল্যাণ কেন্দ্র খুবই নাজুক অবস্থায় রয়েছে। নোয়াখালী খাল খননের কারনে বেশ কিছু কালভার্ট ক্ষতিগ্রস্থ হয়েছে। | সিরাজপুর পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ১নং সিরাজপুর ইউপি |
| ২৭। চেয়ারম্যান, ২নং চরপার্বতী ইউপি জানান যে, তার ইউনিয়নে সোলার লাইট স্থাপনের অনুরোধ জানান এবং তার ইউনিয়নের ৯নং ওয়ার্ডে সাইক্লোন সেন্টার স্থাপনের অনুরোধ করেন। | সাইক্লোন সেন্টার স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ২নং চরপার্বতী ইউপি |
| ২৮। চেয়ারম্যান, ৫নং চরফকিরা ইউপি জানান যে, ঘূর্ণিঝড় সিত্রাং এর প্রভাবে ৯নং ওয়ার্ডের রাস্তা ক্ষতিগ্রস্থ হয়। সিরাজ বাপুয়া গুচ্ছগ্রামে রাস্তাটি সংস্কার করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। যেখানে সেখানে বিভিন্ন খামার করা হচ্ছে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। | খামারিদের খামার স্থাপনে প্রয়োজনীয় নিয়মকানুন অনুসরণ করার বিষয়ে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ৫নং চরফকিরা ইউপি |
| ২৯। চেয়ারম্যান, ৬নং রামপুর ইউপি জানান যে, ঘূর্ণিঝড় সিত্রাং এ ক্ষতিগ্রস্থ রাস্তা সংস্কারের অনুরোধ করেন। ওএমএস এর কোন নাম পরিবর্তনে তাকে অবগত করার বিষয়ে অনুরোধ করেন। | ক্ষতিগ্রস্থ রাস্তা সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ৬নং রামপুর ইউপি |
| ৩০। চেয়ারম্যান, ৭নং মুছাপুর ইউপি জানান যে, মুছাপুর ক্লিনিকে জনবল সংকট রয়েছে। জনতা বাজার নিয়মিত ভাঙনের কবলে রয়েছে। | জনবল সংকটের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে দৃষ্টি আকর্ষনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ৭নং মুছাপুর ইউপি |
| ৩০। চেয়ারম্যান, ৮নং চরএলাহী ইউপি চেয়ারম্যান জানান যে, ঘূর্ণিঝড় সিত্রাং এর ফলে বেশ কিছু রাস্তা ক্ষতিগ্রস্থ হয়। দ্রুততম সময়ের মধ্যে রাস্তা সংস্কারের অনুরোধ করেন। | ক্ষতিগ্রস্থ রাস্তা সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ৮নং চরএলাহী ইউপি |
| ৩২। উপজেলা পরিষদ বিবিধ :<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার ও মালির মজুরী, পত্রিকার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়। | (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার ও মালির মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ |

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা আইন শৃঙ্খলা কমিটি ও উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ শাহাব উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ,নোয়াখালী।

স্মারক নম্বর : ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২২- ১০৯৭
তারিখ : ১০ নভেম্বর ২০২২

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।
০৭। উপজেলা .................................................... কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
০৮। চেয়ারম্যান, ......................................ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

মো: মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন : ০২৩৩৪৪৯৪২০৪
E-mail: [illegible]